# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ১৭৫/নুতন/ইংলিশ/২৮২ তারিখঃ ১২-০৩-২০২৫ খ্রি.

**বিদেশি কারিকুলাম-এ পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের নিবন্ধন সনদ**

প্রত্যয়ন করা যাচ্ছে, **Southeast Bank Green School**, বাড়ি নং- ১৫, সড়ক নং- ১৪, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭ কে "রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুল'স অর্ডিন্যান্স, ১৯৬২ (Ordinance No. XX of 1962) প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা ২০১৭ (এস.আর.ও. নং- ১৭৩-আইন/২০১৭)-এর ধারা ৪-এর উপ-ধারা (২) এর বিধান মোতাবেক ০১-০১-২০২৪ হতে ৩১-১২-২০২৬ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক (O' Level) এবং উচ্চমাধ্যমিক (A' Level) পর্যায়ে নিবন্ধন প্রদান করা হলো। উক্ত নিবন্ধন প্রতি ০৩ (তিন) বৎসর মেয়াদান্তে নবায়ন করতে হবে।

**বিধিমালায় বর্ণিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে:**

১। শিক্ষা বোর্ড বা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কোন ব্রাঞ্চ বা শাখা খোলা যাবে না।

২। প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বিধিমালার ১২ উপ-বিধি অনুসরণ করতে হবে।

৩। বিধিমালার ৬(৪) উপ-বিধি মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।

৪। বিধিমালার ২০(৩) উপ-বিধি অনুযায়ী সরকার অনুমোদিত অডিট ফার্ম দ্বারা বার্ষিক অডিট সম্পন্ন করতে হবে।

৫। বিধিমালার ১৯ উপ-বিধি অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে।

৬। উক্ত বিধিমালার ১৪ উপ-বিধি মোতাবেক প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উক্ত ধারার ৪ উপ-বিধি মোতাবেক সাময়িক নিবন্ধনের অনুমতি প্রাপ্তির ৫ (পাঁচ) বছরের মধ্যে নিজস্ব ভবনে বিদ্যালয় স্থানান্তর করতে হবে।

৭। প্রতিষ্ঠানের শ্রেণিভিত্তিক পাঠদান করাতে হবে এবং ভর্তির বিপরীতে বা পুনঃভর্তির নামে শিক্ষার্থীর কাছ থেকে বর্ধিত ফি বা অনুদান গ্রহণ করা যাবে না।

৮। ফলাফল মানসম্মত হতে হবে।

৯। পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশসহ ও স্বাস্থ্যসম্মত টয়লেট সুবিধা নিশ্চিত করতে হবে।

১০। নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অন্যূন ৬০ দিন পূর্বে নির্ধারিত ফি জমা দিয়ে নিবন্ধন নবায়নের আবেদন করতে হবে।

১১। প্রতিষ্ঠান পরিচালনার জন্য অনতি বিলম্বে স্থানীয় সরকার কর্তৃপক্ষ জেলা প্রশাসক-এর অনাপত্তিপত্র জাম দিতে হবে।

১২। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বিগত ০৫-০৬-২০১৭ তারিখে জারিকৃত বিধিমালার ২৩ উপ-বিধি অথবা ৬ উপ-বিধির অধীন রেজিস্ট্রেশন স্থগিত রাখার ক্ষমতা সংরক্ষণ করেন।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বা/-

**প্রফেসর কাজী ফয়জুর রহমান**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
☎ ০২-৫৮৬১০০৬৯
ই-মেইল: is@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ
সাউথইস্ট ব্যাংক গ্রীন স্কুল
বাড়ি নং- ১৫, সড়ক নং- ১৫, আদাবর,
মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭

মেমো নং- ২৮২ (৮) তারিখ: ১২/০২/২০২৫ খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;

৩। জেলা প্রশাসক, ঢাকা;

৪। কান্ট্রি ম্যানেজার, বাংলাদেশ ক্যামব্রিজ অ্যাসেসমেন্ট ইন্টারন্যাশনাল এডুকেশন, বাড়ি- ৩১, রোড-৪, ব্লক- এফ, বনানী, ঢাকা-১২১৩;

৫। রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার
পিয়ারসন এডেক্সেল (বাংলাদেশ ও নেপাল), AUGMEDIX ভবন, স্যুট- ৫০২ (লেভেল-৫), ১৭/সি পান্থপথ, ঢাকা;

৬। পরিচালক/প্রতিষ্ঠাতা, সাউথইস্ট ব্যাংক গ্রীন স্কুল, বাড়ি নং- ১৫, সড়ক নং- ১৫, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭;

৭। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;

৮। অফিস কপি।

14/3/25
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

09-03-2025